



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়

সরকারি কেশব চন্দ্র কলেজ, ঝিনাইদহ।



কলেজ কোড (শিক্ষা বোর্ড)-6752, কলেজ কোড (জাতীয় বিশ্ববিদ্যালয়)- 0601, কলেজ কোড (মাউশি)- 0216, EIIN-116552

স্থাপিত : ১৯৬০, সরকারিকরণ : ১৯৮০, টেলিফোন : ০২৪৭৭৪৬১১, ফাক্স : ০২৪৭৭৪৭০৪৪, ই-মেইল : [govtk.c.collegejhenidah@gmail.com](mailto:govtk.c.collegejhenidah@gmail.com), ওয়েব সাইট : [www.kccollege.edu.bd](http://www.kccollege.edu.bd)

স্মারক নং-স.কে.চ.ক.বি/

তারিখ :

## ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ বিজ্ঞপ্তিঃ

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে নিয়মিত, ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের অনিয়মিত, অকৃতকার্য, গ্রোড উন্নয়ন এবং প্রাইভেট শিক্ষার্থীরা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফরম পূরণ করতে পারবে। অফিসের ০৪ নং কাউন্টার থেকে ফরম সংগ্রহ করে যাবতীয় তথ্য পূরণ করে নিম্নবিবরণ মোতাবেক [sbl.com.bd](http://sbl.com.bd): 7070 লিংকে প্রবেশ করে অথবা সোনালী ই-সেবা (sonali e-sheba) মোবাইল অ্যাপের “HSC fees” মেন্যু থেকে “Form fill-up fees” বাটনে ক্লিক করে ক্লাস রোল নম্বর ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য দিয়ে Sonali payment Gateway এর (Mobile Banking, Rokat, bKash, Nagad, Upay, Tap, ok wallet) এবং Sonali Bank Account, e-wallet, Nexus, Amex, Visa, Master cards এর মাধ্যমে টাকা জমা দিয়ে টাকা জমার রশিদ, দ্বাদশ শ্রেণিতে ভর্তির রশিদ ও পূরণকৃত ফরমসহ এককপি অফিসে ০১নং/০৩ নং কাউন্টারে জমা দেয়ার জন্য বলা হলো।

বিভাগ	নিয়মিত/অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষায় অংশ গ্রহণ করেছেন)	অনিয়মিত (যারা পূর্বে পরীক্ষায় অংশ গ্রহণ করেনি) ও জিপিএ উন্নয়ন	তারিখ	০১বিষয়ে ব্যবহারিক বাদে	০২বিষয়ে ব্যবহারিক বাদে	প্রাইভেট	মন্তব্য
বিজ্ঞান বিভাগ	২৭৩০.০০	২৮৩০.০০	১৬/০৪/২০২৪ হতে ১৮/০৪/২০২৪	৮৯০.০০	১১১০.০০	২১৭০.০০	সকাল ১০.০০টা থেকে ১.০০টা পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতীত)
মানবিক এবং ব্যবসায় শিক্ষা	২১৭০.০০	২২৭০.০০	২১/০৪/২০২৪ হতে ২৩/০৪/২০২৪				

৩) পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী : মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড যশোর ২৭/০৩/২০২৪খ্রি: তারিখের স্মারক নং- পনি/উমা/বিজ্ঞপ্তি-১৫/৫৬ মোতাবেক।

বি: দ্র: বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষার/নিয়মিত/অনিয়মিত/১বিষয়/২বিষয় পরীক্ষার্থীদের ব্যবহারিক থাকলে অতিরিক্ত প্রতি বিষয়ে-১৪০/= টাকা লাগবে।

৪। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা :

ক) নিয়মিত পরীক্ষার্থী : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে যে সকল ছাত্রছাত্রী বিধিসম্মতভাবে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে নিবন্ধনভুক্ত হয়েছে তারা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

খ) অনিয়মিত পরীক্ষার্থী : ২০১৯-২০, ২০২০-২১ ও ২০২১-২২ শিক্ষাবর্ষের নিবন্ধনধারী শিক্ষার্থীদের মধ্যে যারা উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অকৃতকার্য হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা ২০২৪ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

গ) ২০১৯-২০২০ সেশনের পূর্বে রেজিস্ট্রেশনধারী কোন পরীক্ষার্থী ২০২৪ সালের এইচ এস সি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। তবে ২০১৮-২০১৯ সেশনের এক বিষয়ে অকৃতকার্য পরীক্ষার্থী রেজিস্ট্রেশন নবায়ন করে এক বিষয়ে (৪র্থ বিষয় বাদে) পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ঘ) অকৃতকার্য ও ক্যাজুয়াল পরীক্ষার্থীদের পূর্ববর্তী বছরের প্রবেশপত্রে উল্লিখিত বিষয় সমূহ কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না (নিবন্ধন রশিদ অনুযায়ী)।

ঙ) প্রাইভেট পরীক্ষার্থীরা জিপিএ উন্নয়ন কিংবা ক্যাজুয়াল হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

চ) শুধু মাত্র তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীকে ফরম পূরণ করতে হবে। ফরম পূরণ ব্যতীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের অকৃতকার্য পরীক্ষার্থীর ফলাফল প্রকাশের সুযোগ নেই।

ছ) ২০২৩ সালের এইচ এস সি পরীক্ষায় ০১ বিষয়ে অকৃতকার্য/অনুপস্থিত প্রাইভেট পরীক্ষার্থীগণ ২০২৪ সালে ০১ বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

জ) দ্বাদশ শ্রেণিতে ভর্তির রশিদ ফরম পূরণের সঙ্গে জমা দিতে হবে।

বি: দ্র: জিপিএ উন্নয়ন, অনিয়মিত ১/২বিষয় ও প্রাইভেট পরীক্ষার্থী অফিসের ৪নং কাউন্টারে যোগাযোগ করার জন্য বলা হলো।

৫) প্রয়োজনীয় কাগজপত্র :

ক) প্রত্যেক পরীক্ষার্থীর এইচ.এস.সি/এস.এস.সি রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১কপি ছবি

খ) গ্রোড উন্নয়ন পরীক্ষার্থীদের প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড ও ফলাফল শীটের ফটোকপি জমা দিতে হবে।

গ) যারা দ্বাদশ শ্রেণিতে ভর্তি হয়নি তারা অনলাইনে ভর্তির টাকা জমা দিয়ে ফরম পূরণ করবে।

অধ্যক্ষ  
সরকারি কেশব চন্দ্র কলেজ  
ঝিনাইদহ।

অধ্যক্ষ  
সরকারি কেশব চন্দ্র কলেজ  
ঝিনাইদহ

০২/০৪/২৪